

## সূর্যমুখী

-শিউলী শর্মা

সময়ের উষ্ণ পারাবারে -  
ডানাভাঙ্গা পাখির আনাগোনা,  
ফেলে আসা পথের দিকে কেন এত আঁকিবুকি,  
রাস্তা ত প্রশস্ত হয়েছে,  
জঙ্গলের আলিঙ্গনে সরু প্রাণের পথ,  
উন্মুক্ত করেছে তারে নাগরিক বসবাস,  
দু'ধারে জমেছে আজ অট্টালিকার সচল সভ্যতা,  
অন্তরের মর্মবেদনা, হাতে হাত রাখার সুখ,  
আরও গহীন থেকে গহীনে  
অন্তরীত হয়েছে।  
সেখানে যাবার চাবিকাঠি-  
ইচ্ছে করে তালপুকুরে ছুড়ে ফেলে  
শান বাঁধানো ঘাটে  
সকালের রঙ মাখি।